

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 18-10-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) ধরতি আবা জনভাগিদারি অভিযান ও পিএম জনমন প্রকল্প বাস্তবায়নে শ্রেষ্ঠদের জন্য ত্রিপুরা তিনটি জাতীয় পুরস্কার পেয়েছে।
- (২) স্বাস্থ্য সচিব কিরণ গিত্তে বলেছেন, প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা ও মুখ্যমন্ত্রীর জন আরোগ্য যোজনায় রাজ্যের ১০০ শতাংশ মানুষকে স্বাস্থ্য বীমার আওতায় আনা হয়েছে।
- (৩) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন যে দ্বিতীয় পর্বের জিএসটি সংস্কার দেশের অর্থনীতিকে চাঙ্গা করে তুলেছে, ফলে উৎসবের মরশ্বমে ইলেকট্রনিক্স, অটোমোবাইল এবং ভোগ্যপণ্যের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে রেকর্ড বিক্রি হয়েছে।
- (৪) যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ খোয়াই সরকারি দ্বাদশ প্রেণি বিদ্যালয়ের ফুটবল মাঠে জেলাভিত্তিক অনুর্ধ্ব ১৪ ও ১৭ বছরের ছেলে মেয়েদের স্কুল স্পোর্টস ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

**Civil Secretariat-Press Meet :**

ধরতি আবা জনভাগিদারি অভিযান ও পিএম জনমন প্রকল্প বাস্তবায়নে শ্রেষ্ঠদের জন্য ত্রিপুরা তিনটি জাতীয় পুরস্কারে পেয়েছে। সমবায় মন্ত্রী শুল্কচরন নোয়াতিয়া আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে এথবর জানান। তিনি জানান, গতকাল নতুনদিল্লির বিজ্ঞান ভবনে কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রক আয়োজিত 'আদি কর্মযোগী অভিযান' বিষয়ে একটি জাতীয় সম্মেলনে রাষ্ট্রপতি দ্বোপদী মুর্মু এই পুরস্কার তুলে দেন। উল্লেখ্য, ধরতি আবা জনভাগিদারি অভিযান প্রকল্প বাস্তবায়ন এবং পিএম জনমন প্রকল্প বাস্তবায়নে শ্রেষ্ঠ রাজ্য হিসাবে ত্রিপুরা দুটি জাতীয় পুরস্কার অর্জন করেছে।

সেই সঙ্গে পি এম জনমন প্রকল্প বাস্তবায়নে শ্রেষ্ঠ জেলা হিসাবে স্বীকৃতি পেয়েছে উত্তর ত্রিপুরা জেলা।

সমবায় মন্ত্রী বলেন, গতকাল রাষ্ট্রপতির হাত থেকে দুটি পুরস্কার গ্রহণ করেন জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ডঃ কে শশীকুমার। পাশাপাশি শ্রেষ্ঠ জেলা হিসাবে স্বীকৃতি প্রাপ্ত উত্তর ত্রিপুরা জেলার জেলা শাসক চান্দনি চন্দ্রনও রাষ্ট্রপতির কাছ থেকে পুরস্কার গ্রহণ করেন।

তিনি বলেন ত্রিপুরায় পিএম জনমন প্রকল্পে উল্লেখযোগ্য সাফল্যের মধ্যে রয়েছে ১৫ হাজার ৫৪৮টি বাড়ি নির্মাণ সম্পন্ন, ১৪১টি নতুন অঙ্গনওয়াড়ি কেন্দ্র চালু করা, ৩৮ হাজার ১৪টি পিছিয়ে পড়া জনজাতি পরিবারে নলবাহিত পানীয় জলের সংযোগ প্রদান, ১১ হাজার ৬৯২টি পরিবারে গ্রীড়ের মাধ্যমে বিদ্যুৎ সংযোগ প্রদান, ১ হাজার ৪১টি পরিবারে সোলার গ্রীড়ের মাধ্যমে বিদ্যুতায়ন ও ১০টি মোবাইল নেটওয়ার্ক টাওয়ার স্থাপন।

সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা ধরতি আবা জনভাগিদারি অভিযান এবং আদি কর্মযোগী অভিযানের মাধ্যমে রাজ্যের জনজাতিদের জীবনযাত্রার মান উন্নয়নে রাজ্য সরকার কিভাবে কাজ করছে তা বিস্তারিত উল্লেখ করেন।

\*\*\*\*\*

#### **TPMRU :**

স্বাস্থ্য সচিব কিরণ গিতে বলেছেন, প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা ও মুখ্যমন্ত্রীর জন আরোগ্য যোজনায় রাজ্যের ১০০ শতাংশ মানুষকে স্বাস্থ্য বীমার আওতায় আনা হয়েছে। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ত্রিপুরা স্টেট ফার্মাসিউটিক্যাল প্রাইস মনিটরিং এন্ড রিসোর্স ইউনিটের উদ্যোগে আয়োজিত এক সেমিনারে তিনি একথা বলেন। “সকলের জন্য সাশ্রয়ী মূল্যে ওষুধ, দাম পর্যবেক্ষণ, বাজারভিত্তিক তথ্য সংগ্রহ ও ভোক্তাদের সচেতনতা” শীর্ষক এই সেমিনারে স্বাস্থ্য সচিব আরো বলেন, মেয়াদ উত্তীর্ণ ওষুধ ও নেশা সমগ্রীর বিরুদ্ধে কার্যকরী ভূমিকা নিতে হবে। ঔষধের সঠিক মূল্য জানার জন্য যে টোল ফ্রি হেল্পলাইন নম্বর খোলা হয়েছে তা সঠিকভাবে জনগণের

কাছে পৌঁছে দিতে হবে। এ বিষয়ে প্রচার মাধ্যমকেও কাজে লাগাতে হবে। তিনি বলেন, ওষুধের গুণমান পরীক্ষার জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় পরিকাঠামো গড়ে তুলেছে। সরকারের লক্ষ্য সঠিক দামে গুণগত মান বজায় রেখে সবার কাছে সাশ্রয়ী মূল্যে ওষুধ সরবরাহ করা। অনুষ্ঠানে ন্যাশনাল ফার্মাসিটিক্যাল প্রাইজিং অথরিটি অধিকর্তা কুমার অমন ভারতী বলেন, জি এস টি সংশোধন হওয়ায় ওষুধের দাম হ্রাস পেয়েছে। এতে জনগন উপকৃত হচ্ছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বাস্থ্য অধিকর্তা ডঃ তপন মজুমদার, ডেপুটি ড্রাগ কন্ট্রোলার কাঞ্চন সিনহা।

\*\*\*\*\*

#### **CM-NMC :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ জানিয়েছেন, জাতীয় চিকিৎসা কমিশন চলতি শিক্ষাবর্ষ থেকে আগরতলা সরকারি মেডিকেল কলেজের জন্য ৪টি নতুন পিজি আসন অনুমোদন করেছে। এর মধ্যে এমডি রেডিও-ডায়াগনোসিসে ২টি আসন এবং এমডি রেসপিরেটরি মেডিসিনে ২টি আসনের অনুমোদন দিয়েছে।

\*\*\*\*\*

#### **Diwali-Press Meet :**

উত্তর পূর্ব ভারতের অন্যতম ঐতিহ্যবাহী উৎসব দীপাবলী আগামী সোমবার থেকে উদয়পুরের মাতা ত্রিপুরা সুন্দরি মন্দির প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে। সোমবার সন্ধিয়ায় ধন্যমানিক্য মুক্ত মঞ্চে তিন দিন ব্যাপি দেওয়ালি উৎসবের সূচনা করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। দেওয়ালি উৎসব কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক অভিষেক দেবরায় আজ মন্দির প্রাঙ্গনে সাংবাদিক সম্মেলনে এই কথা জানান।

\*\*\*\*\*

#### **Package Story-Diwali-Candle Factory :**

দীপাবলি মানেই সারি সারি মোমের আলোয় আলোকময় চারদিক। ধাতব প্রদীপের আলো, মাটির ছোট ছোট প্রদীপ বা দীয়ার আলোর পাশে দিব্য মানিয়ে যায় বিভিন্ন রং, ডিজাইন ও আকার-আকৃতির মোমের আলো। তাই উৎসব মরশ্বম এলেই মোম তৈরির কারখানায় যেন আলাদা ব্যস্ততা। সেই চেনা ছবির ব্যতিক্রম নেই আগরতলায় ইন্দ্রনগর ডেয়ারী পেরিয়ে নোয়াগাঁও শীতলাবাড়ি সংলগ্ন ঝুলন দে-র কারখানায়। একটি প্রতিবেদন।

# #####VC#####

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# #####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ। ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **GST Reforms :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন যে দ্বিতীয় পর্বের জিএসটি সংস্কার দেশের অর্থনীতিকে চাঞ্চা করে তুলেছে, ফলে উৎসবের মরশ্বমে ইলেকট্রনিক্স, অটোমোবাইল এবং ভোগ্যপণ্যের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে রেকর্ড বিক্রি হয়েছে। তিনি আজ নতুনদিল্লিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈঞ্চো এবং বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীয়ষ্ঠ গোয়েলের সঙ্গে 'জিএসটি' বচত

‘উৎসব’ উপলক্ষে যৌথ সাংবাদিক মন্ত্রণে ভাষণ দিচ্ছিলেন। অর্থমন্ত্রী বলেন, সাধারণ মানুষ জিএসটি হার কমানোর সুবিধা লাভ করছেন।

# ##### Byte-Nirmala Sitharaman #####

অনুষ্ঠানে তথ্য ও সম্পর্ক মন্ত্রী অশ্বিনী বৈঞ্চ বলেন, এই বছরের নবরাত্রি উৎসবে রেকর্ড বিক্রি হয়ে ষচে। তিনি বলেন, আগের নবরাত্রি উৎসবের তুলনায় এ বছর নবরাত্রি মরশুমে ইলেকট্রনিক্স বিক্রি ২৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

# ##### Byte-Ashwini Vaishnaw #####

‘জিএসটি বচত উৎসব’ সম্পর্কে বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীয়ুষ গোয়েল বলেন, নবরাত্রির মরশুমে যানবাহন বিক্রি বেড়েছে এবং ইলেকট্রনিক্স ক্ষেত্রও সমস্ত রেকর্ড ভেঙে দিয়েছে। তিনি বলেন, এত অস্থির বৈশ্বিক পরিস্থিতিতে, দেশের প্রবৃক্ষির গতি এতটাই শক্তিশালী যে আন্তর্জাতিক মুদ্রা তহবিলও দেশের প্রবৃক্ষির পূর্বাভাস ৬.৬ শতাংশে সংশোধন করতে বাধ্য হয়েছে।

# ##### Byte-Piyush Goyal #####

\*\*\*\*\*

### Dhanteras Greetings :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ধনতেরাস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি এই উপলক্ষে সকলের সুখ, সমৃদ্ধি এবং সুস্থান্নের জন্য প্রার্থনা করেছেন। তিনি আশা প্রকাশ করেছেন যে ভগবান ধন্বন্তরী সকল নাগরিকের উপর তাঁর আশীর্বাদ বর্ণ করবেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং বিজেপি সভাপতি জগৎ প্রকাশ নাড়া ধনতেরাস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

\*\*\*\*\*

### District level School Sports Football :

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আজ খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের ফুটবল মাঠে জেলাভিত্তিক অনুর্ধ্ব ১৪ ও ১৭ বছরের ছেলে মেয়েদের স্কুল স্পোর্টস ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহরায় (দও)। তিনি বলেন, খেলাধুলা ও শরীরচর্চা সুস্থ দেহ ও মন গঠনে সহায়ক। পড়াশোনার পাশাপাশি নিয়মিতভাবে খেলাধুলা ও শরীরচর্চা করার জন্য তিনি ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান। প্রতিযোগিতায় দু'টি বিভাগেই ছেলে ও মেয়েদের দু'টি করে দল অংশ নেয়।

\* \* \* \* \*

### **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় সার্ভিসেসের কাছে ইনিংস ও ২০ রানে পরাজয় হয়েছে ত্রিপুরা। দিল্লিতে পালামের এয়ারফোর্স কমপ্লেক্স মাঠে আজ চতুর্থ তথা শেষ দিনে রাজ্যদল ৭ উইকেটে ১১৪ রান থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে সবকটি উইকেট হারিয়ে ১৬৩ রান করে। এর আগে সার্ভিসেসের প্রথম ইনিংসের ৩৫৯ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৭৬ রান করেছিল।

\* \* \* \* \*

### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*